

সমকাল

প্রকাশ : ৩০ এপ্রিল, ২০১৬ ০০:১১:১২

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রির উদ্যোগ

১৩ হাজার নির্মাণকর্মীর প্রশিক্ষণ ব্যবস্থা

মোহসেনা জয়া

'স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম'-এর অধীনে বিনা মূল্যে ১৩ হাজার পাঁচজন নির্মাণকর্মীকে বিনামূল্যে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রি। ২০১৭ সালের ডিসেম্বর পর্যন্ত চলবে প্রশিক্ষণ কার্যক্রম। প্রশিক্ষণার্থীদের দেওয়া হবে মাসিক ভাতা; কোর্স শেষে সনদ। এছাড়া চাকরির ব্যাপারেও সহায়তা করবে কর্তৃপক্ষ। বর্তমানে ছয়টি প্রতিষ্ঠানে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। সামনে বাড়বে প্রশিক্ষণ কেন্দ্র। যেসব বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে মোট ১১টি বিষয়ে। এর মধ্যে সাতটি ট্রেড কোর্স ও চারটি ম্যানেজমেন্ট পর্যায়ের কোর্স। ট্রেড কোর্স হচ্ছে- মেশিনারি, প্লাম্বিং, ইলেকট্রিক্যাল, রড বাইন্ডিং অ্যান্ড ফেব্রিকেশন, টাইলস অ্যান্ড মার্বেল ওয়ার্কস, পেইন্টিং ও অ্যালুমিনিয়াম ফেব্রিকেশন। প্রতিটি কোর্সের মেয়াদ তিন মাস। ম্যানেজমেন্ট পর্যায়ের কোর্সগুলো হলো- প্রজেক্ট প্রপোজাল প্রিপারেশন, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, কোয়ালিটি কন্ট্রোল এবং ক্যাড। ক্যাড কোর্সে তিন মাসের প্রশিক্ষণ দেওয়া হবে। ম্যানেজমেন্ট পর্যায়ের বাকি তিনটি কোর্সে প্রশিক্ষণের মেয়াদ দুই মাস। তিন মাস মেয়াদি কোর্সে ৩০০ ঘণ্টা এবং দুই মাস মেয়াদি কোর্সে দেওয়া হবে ৫০ ঘণ্টার প্রশিক্ষণ। যেভাবে প্রশিক্ষণার্থী বাছাই কোর্স শুরুর আগে পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে প্রশিক্ষণার্থীদের নেওয়া হয়। এ ছাড়া যেসব প্রতিষ্ঠান প্রশিক্ষণ দিচ্ছে, তারা নিজ উদ্যোগেও প্রশিক্ষণার্থী সংগ্রহের জন্য প্রচার চালায়। আবেদনের যোগ্যতা পুরুষ ও নারী- যে কেউই আবেদন করতে পারবেন। সব কোর্সেই নতুনদের পাশাপাশি এসব পেশায় নিয়োজিতরাও প্রশিক্ষণ নিতে পারবেন। ট্রেড কোর্সে অংশ নেওয়ার জন্য পঞ্চম শ্রেণী পাস হতে হবে। বয়স হতে হবে কমপক্ষে ১৫ বছর। ম্যানেজমেন্ট পর্যায়ের কোর্সগুলোতে অংশ নেওয়ার জন্য থাকতে হবে স্নাতক ডিগ্রি। যেভাবে প্রশিক্ষণ প্রশিক্ষণ কোর্সকে দু'ভাগে ভাগ করা হয়েছে। তত্ত্বীয় ও ব্যবহারিক। কোর্সের মোট সময়ের মধ্যে তত্ত্বীয় অংশে ২০ শতাংশ এবং ব্যবহারিক অংশে ৮০ শতাংশ বরাদ্দ থাকবে। হাতে-কলমে শেখার ওপর বেশি জোর দেওয়া হবে। প্রশিক্ষণ দেওয়া হবে বিশেষজ্ঞ প্রকৌশলীদের তৈরি কোর্স কারিকুলাম অনুযায়ী। ক্লাস নেবেন বিএসসি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা। ব্যবহারিক ক্লাস নেবেন দক্ষ ও অভিজ্ঞ ব্যক্তির। প্রশিক্ষণার্থীরা কেমন কাজ শিখছে তা তদারকি করবেন বিভিন্ন কনস্ট্রাকশন প্রতিষ্ঠানের সুপারভাইজাররা। কোর্স শেষে কোর্স শেষে উত্তীর্ণদের দেওয়া হবে সনদপত্র। কোর্স চলাকালীন মাসে ভাতা হিসেবে দেওয়া হবে তিন হাজার ১২০ টাকা। দূর থেকে আসা প্রশিক্ষণার্থীদের জন্য থাকার-খাওয়ার ব্যবস্থাও আছে কয়েকটি প্রশিক্ষণ কেন্দ্রে। সে ক্ষেত্রে তাদের থাকার-খাওয়ার বদলে মাসিক ভাতা কেটে নেওয়া হবে। প্রকল্পের নিয়মানুযায়ী ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর চাকরির ব্যবস্থা করা হবে। যেখানে মিলবে প্রশিক্ষণ প্রশিক্ষণ কেন্দ্রগুলোর ঠিকানা- ্ আল ইসলাম টেকনিক্যাল অ্যান্ড এডুকেশনাল ইনস্টিটিউট : আনারকলি, অকপাড়া, আশুলিয়া, সাভার, ঢাকা। ফোন : ০১৭২০০২৫২৯৯; ই-মেইল : al-islam@aitlbd.net ্ বাংলাদেশ টেকনিক্যাল ট্রেনিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার : নিলয়-৩, চৌহাটা, সিলেট। ফোন : ০১৭১১৯৭৯২০৮; ই-মেইল : bttdc.baci.sylhet@gmail.com ্ মনটেজ ট্রেনিং অ্যান্ড সার্টিফিকেশন : ১৪২-১৪৩ মিরশাপাড়া, বিসিক শিল্পনগরী, টঙ্গী, গাজীপুর। ফোন : ৯৮১৬৩৫১, ৯৮১৬৩৫২, ০১৯১৪৮৬১০৪৬; ই-মেইল : montagebd@yahoo.com ্ ইউসেপ : প্লট নম্বর ২-৩, মিরপুর ২, ঢাকা। ফোন : ৯০৩১০১৪; ই-মেইল : ucep@ucepbd.org ্ স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট : ৬৯২/বি, বড় মগবাজার, ঢাকা-১২১৭। ফোন : ০১৯১৪৯২৫২৬৯, ই-মেইল : sdibaci@gmail.com ্ মিরপুর এগ্রিকালচারাল ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং স্কুল : ১/সি-১/এ, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬। ফোন :

৯০০২৫৪৪, ৯০০২৪৯৩; ই-মেইল : mr.atiar@yahoo.com

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮